

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ১৩ সেপ্টেম্বর, ২০২০ খৃস্টাব্দ।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল প্রকল্প কর্মী
হতে : উপ-নির্বাহী পরিচালক
বিষয়: : সংস্থার সকল পকল্পের আওতাধীন যে কোন সভায় অংশগ্রহণকারীদেরকে মাস্ক সরবরাহ এবং ব্যবহার করা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে মানুষ যখন কথা বলে, হাঁচি দেয় তখন তার নাক/মুখ থেকে জীবানুযুক্ত ড্রপলেট (Droplets) নিসৃত হয় যা অন্যজনের নাক-মুখের মাধ্যমে শরীরে সহজেই ঢুকে যায়। এ জন্য কোন সভা বা জনসমাগমে গেলে সবসময় মুখে মাস্ক ব্যবহার করার বাধ্যতামূলক। তাই এ সংক্রান্ত নির্দেশনাগুলো নিম্নে আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. কোন সভায় অংশগ্রহণ করলে সকল অংশগ্রহণকারীকে বাধ্যতামূলক মাস্ক পরতে হবে।
২. সংস্থার কোন প্রকল্পে আওতায় কোন সভা/সেমিনার/ওর্যাকশন/প্রশিক্ষণ অনুষ্ঠিত হলে অংশগ্রহণকারীগণকেও সংস্থা থেকে মাস্ক সরবরাহের (অফেরৎযোগ্য) মাধ্যমে পরা বাধ্যতামূলক করতে হবে।
৩. ইভেন্ট আয়োজনকারী কর্মকর্তা ইভেন্টের অংশগ্রহণকারী সংখ্যা যা হবে তার চেয়ে ২৫% বেশী মাস্ক অফিস থেকে নিয়ে যাবেন। পরে যেগুলো ব্যবহৃত হবে না সেগুলো যথারীতি অফিসে ফেরৎ দিতে হবে।
৪. প্রকল্পের নির্দিষ্ট ইভেন্টের বাজেট থেকে মাস্কের ব্যবস্থা করতে হবে। একান্তই যদি প্রকল্প থেকে ব্যবস্থা করা না যায় তাহলে উপ-নির্বাহী পরিচালক থেকে যথারীতি বাজেট অনুমোদন নিয়ে সংস্থা থেকে নিম্নের চিত্র অনুযায়ী মাস্ক সরবরাহ করতে হবে (উপরের ছবিটি-এটি সুতি কাপড়ের এবং উপরের দিকে নেট আছে। মূল্য ৮-১০ টাকা)।
৫. উপরোক্ত নির্দেশনাগুলো সংস্থার কর্মী হিসেবে পালন না করলে তিনি বা তারা **Mis-Conduct** এর আওতায় পরবেন এবং তার বা তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। তার জন্য সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ককেও প্রশাসনিক ব্যবস্থার আওতায় আনা হবে।
৬. প্রত্যেক প্রকল্প প্রধান তার কর্মীদের এ নির্দেশনাসমূহ সভা করে জানানো নিশ্চিত করবেন এবং তারা যেন তা পালন করেন তা নিশ্চিত করবেন।
৭. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং এ বিষয়ে আরও জানার থাকলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে অনুরোধ করছি।



এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

সনত কুমার ভৌমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কপি